জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং-২৮.১৬.৯১০০.০৮৭.০১.০০১.১৬/ ১৫০৬ তারিখ ঃ ২১-০৮-২০১৬

# স্মারকলিপি

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর গত ১০-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৩৮৩তম সভায় গৃহীত সিদ্ধান্তবলীর অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

গৃহীত কার্যকরী ব্যবস্থার একটি প্রতিবেদন স্মারকলিপি প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে কোম্পানী সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২১.০৮.১৬
(খান বদিউজ্জামান)
কোম্পানী সচিব

দফা নং- ৩০৬৯/৩৮৩/২০১৬ ঃ পদোন্নতির মানদন্ড ও নীতিমালা কোম্পানীতে প্রবর্তন প্রসঙ্গে।

১.০ বিষয়ের সার-সংক্ষেপ ও প্রস্তাবের যৌক্তিকতা ঃ

১.১ Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 (xxI of 1985)-এর Section-23 তে প্রদত্ত ক্ষমতা বলে পেট্রোবাংলার ২৩-০৬-২০১৬ তারিখের ২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী ১৯-০৪-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর পরিচালনা বোর্ডের ৪৭৮ তম সভায় গৃহীত সিদ্ধান্ত/ অনুমোদনক্রমে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন -এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৮-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা মূল্যায়নের জন্য মানদন্ড ও নীতিমালা (২০১৬) প্রণয়ন করা হয়েছে, যা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের স্ব-স্ব পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে প্রবর্তন ও অনুসরণে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে বর্ণিত পরিপত্রে উল্লেখ করা হয়।

১.২ পেট্রোবাংলার পরিপত্র অনুযায়ী কোম্পানীর চাকুরী প্রবিধানমালা-১৯৯৬ (সংশোধিত- ২০০৫)-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে পেট্রোবাংলা প্রণীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা (২০১৬)-এর আলোকে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ কর্তৃক কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের জন্য পদোন্নতির মানদন্ড ও নীতিমালা প্রণয়ন করা হয়েছে, যা নিম্নরূপঃ

## পেট্রোবাংলা প্রণীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালার আলোকে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড কর্তৃক কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা মূল্যায়নের জন্য প্রণীত মানদন্ড ও নীতিমালা (২০১৬)-এর আলোকে জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে পদোন্নতির মানদন্ড ও নীতিমালা প্রবর্তন করা যেতে পারেঃ

ক) সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সার্বিক বিবেচনায় ন্যূনতম কোয়ালিফাইং নম্বর অর্জনকারীগণ জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির যোগ্য হবেন।

খ) এ পদোন্নতি শূণ্যপদের বিপরীতে হবে এবং যে বছরের সীমারেখা ধরে যোগ্যতা মূল্যায়ন করা হবে, তার পরবর্তী বছরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত মূল্যায়নের কার্যকারীতা বহাল থাকবে। তবে, বিশেষ প্রয়োজনে পেট্রোবাংলা পরিচালনা বোর্ড এ মেয়াদ বর্ধিত করতে পারবে।

গ) পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের ক্ষেত্রে চাকুরী প্রবিধানমালা মোতাবেক আবশ্যকীয় বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) বিবেচনা করতে হবে। কোন কর্মকর্তা বা কর্মচারীর কোন বছরের একাধিক এসিআর থাকলে, এসিআরসমূহের গড়ের ভিত্তিতে প্রাপ্য নম্বর নির্ণয় করতে হবে। এক পঞ্জিকা বছরে কোন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর কর্মকাল ন্যূনতম ৩ মাস পূর্ণ না হলে, সেক্ষেত্রে এসিআর-এর প্রয়োজন হবে না। তবে, কর্মকাল ন্যূনতম ৩ মাস বা ততোধিক হলে, আংশিক এসিআর বাধ্যতামূলক। এসব ক্ষেত্রে একটি এসিআর-কে সাংবাৎসরিক এসিআর হিসেবে গন্য করা যাবে।

ঘ) পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের ক্ষেত্রে চাকুরী প্রবিধানমালা মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য আবশ্যকীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনা করতে হবে।

ঙ) চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা বা কর্মচারীর অনুমোদিত ও অর্জিত শিক্ষাগত যোগ্যতা উচ্চতর পদে পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসেবে বিবেচ্য নয়। এরূপ অর্জিত শিক্ষাগত যোগ্যতা অর্জনকারী পরবর্তী উচ্চতর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী আবেদন করতে পারেন।

চ) বিভাগীয় শৃঙ্খলামূলক অভিযোগ তদন্তাধীন থাকা অবস্থায় কোন কর্মকর্তা বা কর্মচারীর পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের ক্ষেত্রে অন্তরায় হবে না। তবে, বিভাগীয় মামলা চালু হলে, তিনি পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।

ছ) কোন কর্মকর্তা/ কর্মচারী বিভাগীয় শৃঙ্খলামূলক মামলায় শাস্তিস্বরূপ কোন দন্ড প্রাপ্ত হলে, তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘুদন্ডের ক্ষেত্রে ১ (এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে ২ (দুই) বছর পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।

জ) কোন কর্মকর্তা বা কর্মচারী বিভাগীয় মামলার অভিযোগ হতে অব্যাহতি পেলে বা বিভাগীয় মামলায় দোষী সাব্যস্ত না হলে বা অন্যকোন মামলা-মোকদ্দমার অভিযোগ হতে অব্যাহতি পেলে, যথাশীঘ্র সম্ভব তার পদোন্নতির বিষয়টি বিবেচনা করতে হবে। পদশূণ্য থাকা সাপেক্ষে তিনি পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচিত হবেন এবং এরূপ পদোন্নতির ক্ষেত্রে তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন।

ঝ) পদোন্নতি মূল্যায়নের জন্য নির্ধারিত বছরসমূহে কোন কর্মকর্তা বা কর্মচারী লিয়েনে অথবা প্রশিক্ষণে থাকলে, তিনি পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন। লিয়েন/ প্রশিক্ষণ শেষে চাকুরীতে যোগদানের পর তিনি ধারণাগত জ্যেষ্ঠতাসহ পদোন্নতি প্রাপ্ত হবেন। এ ক্ষেত্রে কর্মকর্তা / কর্মচারী লিয়েন/ প্রশিক্ষণ শেষে চাকুরীতে প্রত্যাবর্তনের পর তার কর্মকাল ন্যূনতম ৩ মাস সময়ের একটি বিশেষ এসিআর বিবেচনা করতে হবে।

ঞ) অবসর-উত্তর ছুটি (পিআরএল) ভোগরত কোন কর্মকর্তা বা কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

ট) এ মানদন্ড ও নীতিমালার অধীন প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারীর পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের নির্ধারিত পূর্ণমান ১০০ নম্বর। এর মধ্যে কোয়ালিফাইং নম্বরের বিভাজন নিম্নরূপঃ

| ক্রমিক | পদের নাম | কোয়ালিফাইং নম্বর |
|---|---|---|
| ০১। | ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপনা পরিচালক ও সমমানের পদে পদোন্নতির জন্য | ৮৫ নম্বর |
| ০২। | মহাব্যবস্থাপক ও সমমানের পদে পদোন্নতির জন্য | ৮০ নম্বর |
| ০৩। | উপ-মহাব্যবস্থাপক ও সমমানের পদে পদোন্নতির জন্য | ৭৫ নম্বর |
| ০৪। | ব্যবস্থাপক/সমমান, উপ-ব্যবস্থাপক/সমমান, সহকারী ব্যবস্থাপক/সমমান এবং সহকারী কর্মকর্তা(জুনিয়র অফিসার)/ সমমানের পদে পদোন্নতির জন্য | ৭০ নম্বর |
| ০৫। | সকল স্তরের কর্মচারীর পদে পদোন্নতির জন্য | ৬৫ নম্বর |

ঠ) যোগ্যতা মূল্যায়নের পূর্ণমান ১০০ নম্বরের বিভাজন/বন্টন পদ্ধতি নিম্নরূপ হবেঃ

| ক্রমিক | বিবরণ | বিভাজিত নম্বর |
|---|---|---|
| ০১। | বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর-এ প্রাপ্ত নম্বরের ৬০%) | ৬০ নম্বর |
| ০২। | চাকুরীতে প্রবেশকালীন ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | ২০ নম্বর |
| ০৩। | অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল) | ৫ নম্বর |
| ০৪। | শৃঙ্খলা | ৫ নম্বর |
| ০৫। | চাকুরী জীবনের অর্জন ও সার্বিক সুনাম | ১০ নম্বর |

ড) বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এর ৬০ নম্বর বন্টন পদ্ধতিঃ

চাকুরী প্রবিধানমালা মোতাবেক স্ব-স্ব পদের জন্য প্রযোজ্য বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) বিবেচনা করতে হবে। উক্ত এসিআরসমূহে প্রাপ্ত গড় নম্বরের ৬০% নম্বর বিবেচনায় আনতে হবে।

শিক্ষাগত যোগ্যতার ২০ নম্বর বন্টনের পদ্ধতি বা বিভাজন নিম্নরূপ হবেঃ

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিভাগ/ শ্রেণী | | |
|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় |
| ক) প্রশাসন ক্যাডার ও অর্থ ক্যাডার/ বিজ্ঞান ভিত্তিক/ কারিগরী বিষয়ক স্নাতকোত্তর পর্যন্ত | | | | |
| ০১। | এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| ০২। | এইচএসসি বা সমমান | ৫ | ৩ | ২ |
| ০৩। | স্নাতক/ স্নাতক (সম্মান) | ৬ | ৫ | ৩ |
| ০৪। | স্নাতকোত্তর | ৫ | ৪ | ৩ |
| | মোট= | ২০ | ১৫ | ১০ |
| স্নাতক/ স্নাতক (সম্মান) | | | | |
| ০১। | এসএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ০২। | এইচএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ০৩। | স্নাতক/ স্নাতক (সম্মান) | ৮ | ৬.০০ | ৪ |
| | মোট= | ২০ | ১৫.০০ | ১০ |

| | | | | |
|---|---|---|---|---|
| এইচএসসি পর্যন্ত | | | | |
| ০১। | এসএসসি | ১০ | ৭.৫০ | ৫ |
| ০২। | এইচএসসি | ১০ | ৭.৫০ | ৫ |
| | মোট= | ২০ | ১৫ | ১০ |
| এসএসসি পর্যন্ত | | | | |
| ০১। | এসএসসি | ২০ | ১৫ | ১০ |
| | মোট= | ২০ | ১৫ | ১০ |
| খ) কারিগরী ক্যাডার | | | | |
| এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী পর্যন্তঃ | | | | |
| ০১। | এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| ০২। | এইচএসসি বা সমমান | ৫ | ৩ | ২ |
| ০৩। | বিএসসি ইঞ্জিনিয়ারিং | ৮ | ৭ | ৫ |
| ০৪। | এমএসসি ইঞ্জিনিয়ারিং | ৩ | ২ | ১ |
| | মোট= | ২০ | ১৫ | ১০ |

বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী পর্যন্তঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | এসএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ০২। | এইচএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ০৩। | বিএসসি ইঞ্জিনিয়ারিং | ৮ | ৬.০০ | ১০ |
| | মোট= | ২০ | ১৫.০০ | ১০ |
| ডিপ্লোমা পর্যন্তঃ | | | | |
| ০১। | এসএসসি বা সমমান | ১০ | ৭.৫০ | ৫ |
| ০২। | ডিপ্লোমা বা সমমান | ১০ | ৭.৫০ | ৫ |
| | মোট= | ২০ | ১৫.০০ | ১০ |

নোট-১ঃ এসএসসি + এইচএসসি+ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে এসএসসি+ ডিপ্লোমার নম্বর গননায় আসবে।

নোট-২ঃ এসএসসি+ ডিপ্লোমা+ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ক্ষেত্রে ডিপ্লোমাকে এইচএসসি বিবেচনা ক্রমে কারিগরী ক্যাডারের বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ন্যায় এসএসসি+এইচএসসি+বিএসসি ইঞ্জিনিয়ারিং-এর নম্বর গণনায় আসবে।

নোট-৩ঃ এসএসসি+ এইচএসসি+ ডিপ্লিমা + বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ক্ষেত্রে কারিগরী ক্যাডারের বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ন্যায় এসএসসি+ এইচএসসি+ বিএসসি ইঞ্জিনিয়ারিং-এর নম্বর গননায় আসবে।

নোট-৪ঃ ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীকে স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য বিবেচনায় স্নাতক (সম্মান)+ স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য নম্বর গণনায় আসবে।

নোট-৫ঃ গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে সরকার/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত গ্রেড/ শ্রেণির তুল্যমান অনুযায়ী নম্বর গণনা করা হবে।

নোট-৬ ঃ নন- মেট্রিক (এসএসসি পাশ নয়) এরূপ কর্মচারীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার নম্বর চাকুরী জীবনের অর্জন ও সুনামের খাতে অন্তর্ভুক্ত হবে।

নোট-৭ ঃ স্ব -স্ব স্তরে চাকুরীতে প্রবেশকালীন নূনতম শিক্ষাগত যোগ্যতার ১ম বিভাগ/ শ্রেণিকে ১০০% বিবেচনা করতে হবে।

ঢ) অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল) ৫ নম্বর বন্টন পদ্ধতি বা বিভাজন নিম্নোরূপঃ

I) চাকুরী প্রবিধানমালা মোতাবেক সংশ্লিষ্ট ক্ষেত্রে বর্তমান পদে (ফিডার পদে) আবশ্যকীয় চাকুরীর সময়কাল অর্জনের জন্য কোন নম্বর প্রাপ্য হবেন না।

II) পরবর্তী প্রতি বছরের জন্য ঃ - ২ নম্বর

নোট ঃ অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল)-এর জন্য নির্ধারিত মোট ৫ (পাঁচ) নম্বর কোনক্রমেই অতিক্রম করা যাবে না।

ণ) শৃঙ্খলার জন্য ৫ নম্বর বন্টন বা বিভাজন নিম্নরূপ ঃ

I) সমগ্র চাকুরীকাল সন্তোষজনক হওয়ার ক্ষেত্রে ঃ ৫ নম্বর

II) সমগ্র চাকুরীকালে লঘুদন্ড প্রাপ্ত হওয়ার ক্ষেত্রে ঃ ৩ নম্বর

III) সমগ্র চাকুরীকালে গুরুদন্ড প্রাপ্ত হওয়ার ক্ষেত্রে ঃ ২ নম্বর

ত) চাকুরী জীবনে সাফল্য ও সুনামের জন্য ঃ ১০ নম্বর।

পদোন্নতির মানদন্ড ও নীতিমালা-২০১৬-এর কোন বিধান/নীতি/পদ্ধতি স্পষ্টীকরণের জন্য ব্যাখ্যার প্রয়োজনীয়তা দেখা দিলে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সিলেকশন কমিটি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা/ সুপারিশ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা চূড়ান্ত হবে।

পদোন্নতির ক্ষেত্রে নির্ধারিত এ মানদন্ড ও নীতিমালা-২০১৬ জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর জন্য প্রযোজ্য হবে।

ইতোপূর্বে পদোন্নতির ক্ষেত্রে প্রচলিত মানদন্ড ও নীতিমালা সংক্রান্ত বিষয়ে জারিকৃত সকল আদেশ/ প্রজ্ঞাপন/ পরিপত্র বাতিল বলে গণ্য হবে এবং এ মানদন্ড ও নীতিমালা-২০১৬ অবিলম্বে কার্যকর হবে।

১.৩ পেট্রোবাংলা কর্তৃক প্রনয়ণকৃত মানদন্ড ও নীতিমালা পর্যালোচনা করে দেখা যায় কর্মকর্তা/কর্মচারীর পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের নির্ধারিত পূর্ণমান এবং কোয়ালিফাইং নম্বরের বিভাজন পূর্বের মানদন্ডের অনুরূপ। কিন্তু যোগ্যতা মূল্যায়নের নম্বর বন্টন পদ্ধতি ভিন্নরূপ অর্থাৎ পূর্বের মানদন্ডে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এ প্রাপ্ত নম্বরের ৭০% বা ৭০ (সত্তর) নম্বর এবং শিক্ষাগত যোগ্যতা ৩০ (ত্রিশ) নম্বর। বর্তমান মানদন্ডে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এ প্রাপ্ত নম্বরের ৬০% বা ৬০ (ষাট) নম্বর, চাকুরীতে প্রবেশকালীন ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ২০ (বিশ) নম্বর, অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল) ৫ (পাঁচ) নম্বর, শৃঙ্খলা ৫ (পাঁচ) এবং চাকুরী জীবনের অর্জন ও সার্বিক সুনাম ১০ (দশ) নম্বর। এছাড়া শিক্ষাগত যোগ্যতার বিভাজনও ভিন্নতর।

২.০ সংশ্লিষ্ট বিভাগের মতামত ঃ

পেট্রোবাংলার ২৩-০৬-২০১৬ তারিখের ২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির যোগ্যাতা মূল্যায়নের জন্য প্রনীত মানদন্ড ও নীতিমালা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের স্ব-স্ব পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে প্রবর্তন ও অনুসরণে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় বিধায় পেট্রোবাংলা কর্তৃক প্রনীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালার আলোকে অত্র কোম্পানী কর্তৃক প্রণীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা কোম্পানীতে প্রবর্তন এবং অনুসরণ করা যেতে পারে।

৩.০ আর্থিক সংশ্লিষ্টতা ঃ

এ ক্ষেত্রে কোন আর্থিক সংশ্লিষ্টতা নেই।

৪.০ সিদ্ধান্ত গ্রহণের জন্য কাঙ্ক্ষিত প্রস্তাব ঃ

পেট্রোবাংলার ২৩-০৬-২০১৬ তারিখের ২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী জারিকৃত পদোন্নতির মানদন্ড ও নীতিমালার আলোকে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা অত্র কোম্পানীতে প্রবর্তন এবং অনুসরণের সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

৫.০ আলোচনা ঃ

৫.১ পদোন্নতির মানদন্ড ও নীতিমালা কোম্পানীতে প্রবর্তন প্রসঙ্গে আলোচনাকালে সভায় প্রস্তাব করা হয় যে, পেট্রোবাংলার ২৩-০৬-২০১৬ তারিখের ২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির যোগ্যাতা মূল্যায়নের জন্য প্রনীত মানদন্ড ও নীতিমালা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের স্ব-স্ব পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে প্রবর্তন ও অনুসরণে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় বিধায় পেট্রোবাংলা কর্তৃক প্রনীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা অত্র কোম্পানীতে প্রবর্তন এবং অনুসরণের অনুমোদন দেয়া যেতে পারে।

৫.২ সভায় আরো প্রস্তাব করা হয় যে, পেট্রোবাংলার বর্ণিত পরিপত্রে উল্লেখিত "পেট্রোবাংলার কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৮-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে'' এর স্থলে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ-এর ক্ষেত্রে "কোম্পানীর চাকুরী প্রবিধানমালা-১৯৯৬ (সংশোধিত-২০০৫)-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে'' মর্মে গণ্য করা যেতে পারে।

৫.৩ বিষয়টি সভায় আলোচনাকালে বোর্ড কর্তৃক মতামত ব্যক্ত করা হয় যে, পেট্রোবাংলা কর্তৃক প্রনীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা (২০১৬) বিষয়ে জারীকৃত পরিপত্রের কতিপয় অনুচ্ছেদে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। উক্ত পরিপত্রের ১.৬ অনুচ্ছেদে উল্লেখিত "বিভাগীয় শৃংখলামূলক অভিযোগ তদন্তাধীন থাকা অবস্থায় -----------------'' -এর স্থলে "বিভাগীয় শৃংখলামূলক অভিযোগ প্রাথমিক তদন্তাধীন থাকা অবস্থায় -----------------'' এরূপ সংশোধনী আনয়ণ পূর্বক বিষয়টি পেট্রোবাংলাকে অবহিত করা যেতে পারে।

৫.৪ আলোচনাকালে বোর্ড কর্তৃক আরো অভিমত প্রকাশ কর হয় যে, পেট্রোবাংলা কর্তৃক প্রনীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা (২০১৬) বিষয়ে জারীকৃত পরিপত্রে উল্লেখিত "পেট্রোবাংলার কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৮ এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে'' এর স্থলে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ-এর ক্ষেত্রে "কোম্পানীর চাকুরী প্রবিধানমালা-১৯৯৬ (সংশোধিত-২০০৫)-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে'' মর্মে গণ্য করা যেতে পারে।

৫.৫ বিস্তারিত আলোচনার পর পেট্রোবাংলার ২৩-০৬-২০১৬ তারিখের ২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী জারিকৃত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রবর্তন এবং অনুসরণের অনুমোদন দেয়া যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৬.০ <u>সিদ্ধান্ত</u> ঃ

৬.১ পেট্রোবাংলার ২৩-০৬-২০১৬ তারিখের ২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী জারিকৃত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা (২০১৬) জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রবর্তন এবং অনুসরণের প্রস্তাব বোর্ড অনুমোদন করে ।

৬.২ পেট্রোবাংলা কর্তৃক প্রনীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা (২০১৬) বিষয়ে জারীকৃত পরিপত্রে উল্লেখিত "পেট্রোবাংলার কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৮ এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে" এর স্থলে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ-এর ক্ষেত্রে "কোম্পানীর চাকুরী প্রবিধানমালা-১৯৯৬ (সংশোধিত-২০০৫)-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে" গণ্য করতে হবে ।

৬.৩ পেট্রোবাংলা কর্তৃক প্রনীত পদোন্নতির মানদন্ড ও নীতিমালা (২০১৬) বিষয়ে জারীকৃত পরিপত্রের ১.৬ অনুচ্ছেদে উল্লেখিত "বিভাগীয় শৃংখলামূলক অভিযোগ তদন্তাধীন থাকা অবস্থায় -----------------" -এর স্থলে "বিভাগীয় শৃংখলামূলক অভিযোগ প্রাথমিক তদন্তাধীন থাকা অবস্থায় -----------------" এরূপ সংশোধনী আনয়ণ পূর্বক বিষয়টি পেট্রোবাংলাকে অবহিত করার জন্য বোর্ড নির্দেশ প্রদান করে ।

<u>বিতরণ</u> ঃ

০১। মহাব্যবস্থাপক (প্রশাসন), জালালাবাদ গ্যাস, সিলেট।

<u>অনুলিপি</u> ঃ

০১। দপ্তর নথি।

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
# Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)

নং-২১.২৭.৯৩ (ভলি-৩)/২০৩

GM (Admin)
বোর্ড কার্যপত্র প্রস্তুত করুন।

তারিখ : ২৩.৬.২০১৬

## পরিপত্র

মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৯১৮/২০০৪, ৬৯৭৬/২০০৫, ২০৭২/২০১৩, ৪২১১/২০১৩ এবং আপীল বিভাগের লিভ আপীল পিটিশন নং-২২/২০০৮, ২২৮৯/২০১৫ ও ২২৯০/২০১৫-এর রায়/আদেশের অনুবৃত্তিক্রমে Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 (XXI of 1985)-এর section-23'তে প্রদত্ত ক্ষমতাবলে গত ১৯.০৪.২০১৬ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) পরিচালনা বোর্ডের ৪৭৮তম সভার সিদ্ধান্ত/অনুমোদনক্রমে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮-এর প্রবিধান-১৪ এর অতিরিক্ত হিসেবে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর কর্মকর্তা ও কর্মচারিদের পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা মূল্যায়নের জন্য মানদন্ড ও নীতিমালা (২০১৬) নিম্নরূপভাবে প্রণয়ন করা হলো :

১.১। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সার্বিক বিবেচনায় ন্যূনতম কোয়ালিফাইং নম্বর অর্জনকারীগণ জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির যোগ্য হবেন।

১.২। এ পদোন্নতি শূন্যপদের বিপরীতে হবে এবং যে বছরের সীমারেখা ধরে যোগ্যতা মূল্যায়ন করা হবে, তার পরবর্তী বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মূল্যায়নের কার্যকারিতা বহাল থাকবে। তবে, বিশেষ প্রয়োজনে পেট্রোবাংলা পরিচালনা বোর্ড এ মেয়াদ বর্ধিত করতে পারবে।

১.৩। পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের ক্ষেত্রে চাকুরি প্রবিধানমালা মোতাবেক আবশ্যকীয় বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) বিবেচনা করতে হবে। কোন কর্মকর্তা বা কর্মচারির কোন বছরের একাধিক এসিআর থাকলে, এসিআরসমূহের গড়ের ভিত্তিতে প্রাপ্য নম্বর নির্ণয় করতে হবে। এক পঞ্জিকা বছরে কোন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারির কর্মকাল ন্যূনতম ৩ মাস পূর্ণ না হলে, সেক্ষেত্রে এসিআর-এর প্রয়োজন হবে না। তবে, কর্মকাল ন্যূনতম ৩ মাস বা ততোধিক হলে, আংশিক এসিআর বাধ্যতামূলক। এসব ক্ষেত্রে একটি এসিআর-কে সাংবাৎসরিক এসিআর হিসেবে গণ্য করা যাবে।

১.৪। পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের ক্ষেত্রে চাকুরি প্রবিধানমালা মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য আবশ্যকীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনা করতে হবে।

১.৫। চাকুরিরত অবস্থায় কোন কর্মকর্তা বা কর্মচারির অনুমোদিত ও অর্জিত শিক্ষাগত যোগ্যতা উচ্চতর পদে পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসেবে বিবেচ্য নয়। এরূপ অর্জিত শিক্ষাগত যোগ্যতা অর্জনকারী পরবর্তী উচ্চতর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী আবেদন করতে পারেন।

১.৬। বিভাগীয় শৃঙ্খলামূলক অভিযোগ তদন্তাধীন থাকা অবস্থায় কোন কর্মকর্তা বা কর্মচারির পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের ক্ষেত্রে অন্তরায় হবে না। তবে, বিভাগীয় মামলা চালু হলে, তিনি পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।

১.৭। কোন কর্মকর্তা/কর্মচারি বিভাগীয় শৃঙ্খলামূলক মামলায় শাস্তিস্বরূপ কোন দন্ড প্রাপ্ত হলে, তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘুদন্ডের ক্ষেত্রে ১ (এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে ২ (দুই) বছর পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।

চলমান পাতা-২

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)



১.৮। কোন কর্মকর্তা বা কর্মচারি বিভাগীয় মামলার অভিযোগ হতে অব্যাহতি পেলে বা বিভাগীয় মামলায় দোষী সাব্যস্ত না হলে বা অন্যকোন মামলা-মোকদ্দমার অভিযোগ হতে অব্যাহতি পেলে, যথাশীঘ্র সম্ভব তার পদোন্নতির বিষয়টি বিবেচনা করতে হবে। পদশূন্য থাকা সাপেক্ষে তিনি পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচিত হবেন এবং এরূপ পদোন্নতির ক্ষেত্রে তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন।

১.৯। পদোন্নতি মূল্যায়নের জন্য নির্ধারিত বছরসমূহে কোন কর্মকর্তা বা কর্মচারি লিয়েনে অথবা প্রশিক্ষণে থাকলে, তিনি পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন। লিয়েন/প্রশিক্ষণ শেষে চাকুরিতে যোগদানের পর তিনি ধারণাগত জ্যেষ্ঠতাসহ পদোন্নতি প্রাপ্ত হবেন। এক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারি লিয়েন/প্রশিক্ষণ শেষে চাকুরিতে প্রত্যাবর্তনের পর তার কর্মকাল ন্যূনতম ৩ মাস সময়ের একটি বিশেষ এসিআর বিবেচনা করতে হবে।

১.১০। অবসর উত্তর ছুটি (পিআরএল) ভোগরত কোন কর্মকর্তা বা কর্মচারি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

১.১১। এ মানদন্ড ও নীতিমালার অধীন প্রত্যেক কর্মকর্তা/কর্মচারির পদোন্নতির যোগ্যতা মূল্যায়নের নির্ধারিত পূর্ণমান ১০০ নম্বর। এর মধ্যে কোয়ালিফাইং নম্বরের বিভাজন হবে নিম্নরূপ :

| ক্রমিক | পদের নাম | কোয়ালিফাইং নম্বর |
|---|---|---|
| ১। | উর্ধ্বতন মহাব্যবস্থাপক/ব্যবস্থাপনা পরিচালক ও সমমানের পদে পদোন্নতির জন্য | ৮৫ নম্বর |
| ২। | মহাব্যবস্থাপক ও সমমানের পদে পদোন্নতির জন্য | ৮০ নম্বর |
| ৩। | উপ-মহাব্যবস্থাপক ও সমমানের পদে পদোন্নতির জন্য | ৭৫ নম্বর |
| ৪। | ব্যবস্থাপক/সমমান, উপ-ব্যবস্থাপক/সমমান, সহকারী ব্যবস্থাপক/সমমান এবং সহকারী কর্মকর্তা (জুনিয়র অফিসার)/সমমানের পদে পদোন্নতির জন্য | ৭০ নম্বর |
| ৫। | সকল স্তরের কর্মচারির পদে পদোন্নতির জন্য | ৬৫ নম্বর |

১.১২। <u>যোগ্যতা মূল্যায়নের পূর্ণমান ১০০ নম্বরের বিভাজন/বন্টন পদ্ধতি নিম্নরূপ হবে</u> :

| ক্রমিক | বিবরণ | বিভাজিত নম্বর |
|---|---|---|
| ১। | বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর-এ প্রাপ্ত নম্বরের ৬০%) | ৬০ নম্বর |
| ২। | চাকুরিতে প্রবেশকালীন ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | ২০ নম্বর |
| ৩। | অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল) | ৫ নম্বর |
| ৪। | শৃঙ্খলা | ৫ নম্বর |
| ৫। | চাকুরি জীবনের অর্জন ও সার্বিক সুনাম | ১০ নম্বর |

১.১৩। <u>বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এর ৬০ নম্বর বন্টন পদ্ধতি</u> :
চাকুরি প্রবিধানমালা মোতাবেক স্ব-স্ব পদের জন্য প্রযোজ্য বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) বিবেচনা করতে হবে। উক্ত এসিআরসমূহে প্রাপ্ত গড় নম্বরের ৬০% নম্বর বিবেচনায় আনা হবে।

চলমান পাতা-৩



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka 1215, GPO Box 849, Cable : Petrobangla, PABX : 9121010-16, 9121035-41; Fax : 88-02-9120224, website : www.petrobangla.org.bd E-mail : petchair@petrobangla.org.bd

১.১৪। শিক্ষাগত যোগ্যতার ২০ নম্বর বন্টনের পদ্ধতি বা বিভাজন নিম্নরূপ হবে :

| ক্রমিক | পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণি | | |
|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় |
| (ক) প্রশাসন ক্যাডার ও অর্থ ক্যাডার : | | | | |
| স্নাতকোত্তর পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| ২। | এইচএসসি বা সমমান | ৫ | ৩ | ২ |
| ৩। | স্নাতক/স্নাতক (সম্মান) | ৬ | ৫ | ৩ |
| ৪। | স্নাতকোত্তর | ৫ | ৪ | ৩ |
| | মোট : | ২০ | ১৫ | ১০ |
| স্নাতক/স্নাতক (সম্মান) পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ২। | এইচএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ৩। | স্নাতক/স্নাতক (সম্মান) | ৮ | ৬.০০ | ৪ |
| | মোট : | ২০ | ১৫.০০ | ১০ |
| এইচএসসি পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ১০ | ৭.৫০ | ৫ |
| ২। | এইচএসসি | ১০ | ৭.৫০ | ৫ |
| | মোট : | ২০ | ১৫.০০ | ১০ |
| এসএসসি পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ২০ | ১৫ | ১০ |
| | মোট : | ২০ | ১৫ | ১০ |
| (খ) কারিগরি ক্যাডার : | | | | |
| এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| ২। | এইচএসসি বা সমমান | ৫ | ৩ | ২ |
| ৩। | বিএসসি ইঞ্জিনিয়ারিং | ৮ | ৭ | ৫ |
| ৪। | এমএসসি ইঞ্জিনিয়ারিং | ৩ | ২ | ১ |
| | মোট : | ২০ | ১৫ | ১০ |
| বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ২। | এইচএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ৩। | বিএসসি ইঞ্জিনিয়ারিং | ৮ | ৬.০০ | ৪ |
| | মোট : | ২০ | ১৫.০০ | ১০ |
| ডিপ্লোমা পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি বা সমমান | ১০ | ৭.৫০ | ৫ |
| ২। | ডিপ্লোমা বা সমমান | ১০ | ৭.৫০ | ৫ |
| | মোট : | ২০ | ১৫.০০ | ১০ |

চলমান পাতা-৪

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)



| ক্রমিক | পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণি | | |
|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় |
| বিজ্ঞান ভিত্তিক/কারিগরি বিষয়ক স্নাতকোত্তর পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| ২। | এইচএসসি বা সমমান | ৫ | ৩ | ২ |
| ৩। | স্নাতক/স্নাতক (সম্মান) | ৬ | ৫ | ৩ |
| ৪। | স্নাতকোত্তর | ৫ | ৪ | ৩ |
| | মোট : | ২০ | ১৫ | ১০ |
| স্নাতক/স্নাতক (সম্মান) পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ২। | এইচএসসি | ৬ | ৪.৫০ | ৩ |
| ৩। | স্নাতক/স্নাতক (সম্মান) | ৮ | ৬.০০ | ৪ |
| | মোট : | ২০ | ১৫.০০ | ১০ |
| এইচএসসি পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ১০ | ৭.৫০ | ৫ |
| ২। | এইচএসসি | ১০ | ৭.৫০ | ৫ |
| | মোট : | ২০ | ১৫.০০ | ১০ |
| এসএসসি পর্যন্ত : | | | | |
| ১। | এসএসসি | ২০ | ১৫ | ১০ |
| | মোট : | ২০ | ১৫ | ১০ |

নোট-১ : এসএসসি+এইচএসসি+ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে এসএসসি+ডিপ্লোমার নম্বর গণনায় আসবে।

নোট-২ : এসএসসি+ডিপ্লোমা+বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ক্ষেত্রে ডিপ্লোমাকে এইচএসসি বিবেচনাক্রমে কারিগরি ক্যাডারের বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ন্যায় এসএসসি+এইচএসসি+বিএসসি ইঞ্জিনিয়ারিং-এর নম্বর গণনায় আসবে।

নোট-৩ : এসএসসি+এইচএসসি+ডিপ্লোমা+বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ক্ষেত্রে কারিগরি ক্যাডারের বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ন্যায় এসএসসি+এইচএসসি+বিএসসি ইঞ্জিনিয়ারিং-এর নম্বর গণনায় আসবে।

নোট-৪ : ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীকে স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য বিবেচনায় স্নাতক (সম্মান)+স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য নম্বর গণনায় আসবে।

নোট-৫ : গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে সরকার/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক নির্ধারিত গ্রেড/শ্রেণির তুল্যমান অনুযায়ী নম্বর গণনা করা হবে।

নোট-৬ : নন-মেট্রিক (এসএসসি পাশ নয়) এরূপ কর্মচারিদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার নম্বর চাকুরি জীবনের অর্জন ও সুনামের খাতে অন্তর্ভুক্ত হবে।

চলমান পাতা-৫



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka 1215, GPO Box 849, Cable : Petrobangla, PABX : 9121010-16, 9121035-41; Fax : 88-02-9120224, website : www.petrobangla.org.bd E-mail : petchair@petrobangla.org.bd

নোট-৭ : স্ব-স্ব স্তরে চাকুরিতে প্রবেশকালীন ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার ১ম বিভাগ/শ্রেণিকে ১০০% বিবেচনা করতে হবে।

১.১৫। অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল) ৫ নম্বর বন্টন পদ্ধতি বা বিভাজন নিম্নরূপ :

(ক) চাকুরি প্রবিধানমালা মোতাবেক সংশ্লিষ্ট ক্ষেত্রে বর্তমান পদে (ফিডার পদ) আবশ্যকীয় চাকুরির সময়কাল অর্জনের জন্য কোন নম্বর প্রাপ্য হবেন না।

(খ) পরবর্তী প্রতি বছরের জন্য : ২ নম্বর।

নোট : অভিজ্ঞতা (ফিডার পদের কার্যকাল)-এর জন্য নির্ধারিত মোট ৫ (পাঁচ) নম্বর কোনক্রমেই অতিক্রম করা যাবে না।

১.১৬। শৃঙ্খলার জন্য ৫ নম্বর বন্টন বা বিভাজন নিম্নরূপ :

(ক) সমগ্র চাকুরিকাল সন্তোষজনক হওয়ার ক্ষেত্রে : ৫ নম্বর
(খ) সমগ্র চাকুরিকালে লঘুদন্ড প্রাপ্ত হওয়ার ক্ষেত্রে : ৩ নম্বর
(গ) সমগ্র চাকুরিকালে গুরুদন্ড প্রাপ্ত হওয়ার ক্ষেত্রে : ২ নম্বর।

১.১৭। চাকুরি জীবনের সাফল্য ও সুনামের জন্য : ১০ নম্বর।

২। পদোন্নতির মানদন্ড ও নীতিমালা-২০১৬ এর কোন বিধান/নীতি/পদ্ধতি স্পষ্টীকরণের জন্য ব্যাখ্যার প্রয়োজনীয়তা দেখা দিলে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সিলেকশন কমিটি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা/সুপারিশ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা চূড়ান্ত হবে।

৩। পদোন্নতির ক্ষেত্রে নির্ধারিত এ মানদন্ড ও নীতিমালা-২০১৬ পেট্রোবাংলার সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির জন্য প্রযোজ্য হবে।

৪। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ তাদের স্ব-স্ব বোর্ডে পদোন্নতির এ মানদন্ড ও নীতিমালা অনুমোদন গ্রহণ করে কোম্পানিতে অনুসরণের জন্য প্রবর্তন করতে পারে।

৫। ইত:পূর্বে পদোন্নতির ক্ষেত্রে প্রচলিত মানদন্ড ও নীতিমালা সংক্রান্ত বিষয়ে জারিকৃত সকল আদেশ/প্রজ্ঞাপন/ পরিপত্র বাতিল বলে গণ্য হবে এবং এ মানদন্ড ও নীতিমালা-২০১৬ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মুজিবুর রহমান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, পেট্রোবাংলা, ঢাকা-(সূত্র নং-২৮.০২.০০০০.০৭১.০৫.৪৭৮.১৬/৬২৩ তারিখ ৩০.৫.২০১৬)
২। মহাব্যবস্থাপক (সংস্থাপন), পেট্রোবাংলা, ঢাকা
৩। মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক ( ), পেট্রোবাংলা, ঢাকা
৪। ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ঢাকা
৫। উপ-ব্যবস্থাপক/সহ. ব্যবস্থাপক/পিএ-টু-পরিচালক ( ), পেট্রোবাংলা, ঢাকা

অনুলিপি :

১। পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক.........................



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka 1215, GPO Box 849, Cable : Petrobangla, PABX : 9121010-16, 9121035-41; Fax : 88-02-9120224, website : www.petrobangla.org.bd E-mail : petchair@petrobangla.org.bd